দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 5

208

## সমস্যায় জর্জরিত আর,এম, হাট কে উচ্চ বিদ্যালয়

ফেনী জেলার সোনাগাজী উপজেলার আর, এম, হাট, কে, বহুমুখী উচ্চ বিদ্যালয় অত্র সোনাগাজী উপজেলার অন্যতম ঐতিহ্যবাহী সুপ্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান। বিদ্যালয়ে ১৪ জন শিক্ষক ও ৭৫০ জন ছাত্র/ছাত্রী আছে। এই বিদ্যালয় ভবনটি একেবারেই জরাজীর্ণ হয়ে পড়েছে। সামান্য বৃষ্টি হলেই বিদ্যালয়ের পাকা ভবনের ছাদ থেকে নিচে অবিরল ফোটা ফোটা পানি পড়তেই থাকে। যেকোন মুহূর্তে ছাদ ধসে পড়ার আশংকা রয়েছে। স্থানে স্থানে মেঝে ভেঙ্গে গেছে। প্রয়োজনীয় টয়লেটের অভাবে ছাত্র/ছাত্রীদের অসুবিধা হচ্ছে। শিক্ষকের কয়েকটি পদ শূন্য রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীরও অভাব রয়েছে। বিদ্যালয়ে প্রয়োজনীয় চেয়ার, টেবিল, বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্র, বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং খেলাধুলার সাজ-সরঞ্জামের অভাব রয়েছে। লাইব্রেরীর অবস্থাও হতাশাব্যঞ্জক। বিদ্যালয়ের বহু দরজা-জানালা ভেঙ্গে গেছে। ছাত্রাবাস ও শিক্ষকদের বাসগৃহ নেই। বিদ্যালয়ের সম্মুখে বিরাট খেলার মাঠ রয়েছে। তাই ছাত্রছাত্রীদের সুন্দরতর পরিবেশে খেলাধুলা করার সুবিধার্থে মাঠের চারদিকে বেষ্টনি সৃষ্টি করে দেয়াল নির্মাণ করা দরকার।

পাকিস্তান আমল হতে সরকার বিদ্যালয়টিকে ৬২৫০/-টাকা, সহায়ক মঞ্জুরি দিয়ে আসছেন। অথচ ২/৩ দশক পরে যেখানে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্য দশ গুণ বৃদ্ধি পেয়েছে সেখানে সহায়ক মঞ্জুরির পরিমাণ একই পরিমাণ অব্যাহত রয়েছে। যেখানে বিদ্যালয়টির বার্ষিক মেরামত ও পুন:নির্মাণে অন্তত: ২৫০০০/- টাকা প্রয়োজন সেখানে এই সহায়ক মঞ্জুরি (৬২৫০/- টাকা) বৃদ্ধি করে ২৫০০০/- টাকায় উন্নীত করা অপরিহার্য।

সুতরাং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই আর, এম, হাট, কে, উচ্চ বিদ্যালয়ের সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে এগিয়ে আসবেন বলে প্রত্যাশা রাখি।

এম রফিক
ভোয়াগ, সোনাগাজী,
ফেনী।